

# এক নজরে
# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
## (এইচবিআরআই)

hbri

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

১৩ জানুয়ারি ১৯৭৫, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ সেন্টার প্রতিষ্ঠার স্কিম অনুমোদন করেন

SECRET

Phone : 281512
Meeting No.M-2/74

Government of the People's Republic of Bangladesh
Cabinet Division.
Decision of the Cabinet Meeting.

Held on Monday, January, 13, 1975 at 10.00 A.M. in the Cabinet Room at Shere-e-Bangla nagar, Gonabhaban.

---

Subject :- Agenda No. 8 to 16 - Approval of Scheme.

The Cabinet took up agenda No. 8 to 16 first and approved the following schemes.........................................

*** *** *** ***

*** *** *** ***

| | | | |
|---|---|---|---|
| viii) | (a) | Name of the Scheme : | Establishment of Housing and Building Research Centre. |
| | (b) | Sponsoring authority : | Ministry of Public Works and Urban Development. |
| | (c) | Expected accomplishments : | The Scheme airms at undertaking Technical and Scientific studies and Research on various problems of construtions and building materials industries of the country and human settlement as a whole |
| | (d) | Total Cost i) | Foreign exchange -84.00 lakh |
| | | ii) | Local currency 156.00 ,, |
| | | | Total 240.00 lakhs |


Sd/- Sheikh Mujibur Rahman,
Prime Minister

No. CM-2/75/40-Cab Date : 23-1-1975.

Extract forwarded for favour of informaction and necessary action to Mr. Moinul Islam, Secretary, Ministry of Public Works & Urban Development.

2. A report as to the implementation of the Cabinet decision may please be furnished to this Division within a fortnight and thereafter, monthly report of progress of implementation of the cabinet decisions be also sent regularly till it has been fully implemented.

Sd/- Illegible
23.1.75
Section Officer.



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

## মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন

২৮ ডিসেম্বর ২০১৪, মাননীয় প্রধানমন্ত্রী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরিদর্শনকালে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের প্রতি নিম্নরূপ অনুশাসন প্রদান করেন -

১. মন্ত্রণালয়ের অধীন হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের নির্মাণ সামগ্রী সংশ্লিষ্ট উদ্ভাবন ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। গবেষণালব্ধ ফলাফলের সঠিক প্রয়োগ ও ব্যবহারের জন্য যথাযথ পরিকল্পনা গ্রহণ করতে হবে।

২. আশ্রয়ন প্রকল্পে এবং পল্লী জনপদ প্রকল্পে ফেরোসিমেন্টের ব্যবহার শুরু করতে হবে।

৩. নদী ড্রেজিংকালে যে বালি পাওয়া যায় তা দিয়ে হলো ব্লক তৈরী করা যায় কিনা সে বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করতে হবে। একই সাথে প্রাপ্ত কাদামাটি হতে পরিবেশবান্ধব ইট প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

## প্রধান উপদেষ্টা:

**মো: আশরাফুল আলম**
মহাপরিচালক

## সম্পাদক:

**মো: আকতার হোসেন সরকার**
প্রিন্সিপাল রিসার্চ অফিসার

## সহযোগী সম্পাদক:

**ফারহানা খোন্দকার**
রিসার্চ অফিসার

**নাহিদ ফেরদৌস দৃষ্টি**
রিসার্চ আর্কিটেক্ট

## সার্বিক সহযোগিতায়:

**মো: সাখাওয়াৎ হোসেন**
প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার

**মনজুর পারভেজ**
রিসার্চ আর্কিটেক্ট

**মো: মুক্তাদির আবেদিন**
এসিস্ট্যান্ট আর্কিটেক্ট

## কভার ডিজাইন:

**মনজুর পারভেজ**
রিসার্চ আর্কিটেক্ট

## আলোকচিত্র ধারণ:

**মো: রিয়াজুল হালিম**


## প্রকাশকাল:

**নভেম্বর, ২০২১**

মুদ্রণে: **দি প্যারাগন প্রিন্টার্স, নীলক্ষেত, বাবুপুরা, নিউমার্কেট, ঢাকা**



# মহাপরিচালকের কথা

স্বাধীনতা উত্তর বাংলাদেশে দেশজ নির্মাণ উপকরণ ও সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে বিপুল জনগোষ্ঠির জন্য পরিবেশবান্ধব, টেকসই ও ব্যয়সাশ্রয়ী অবকাঠামো নির্মাণের লক্ষ্যে ১৯৭৫ সালের ১৩ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ সেন্টার প্রতিষ্ঠা করেন, যা পরবর্তীতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট নামে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে রূপ লাভ করে। ১৯৭২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রণীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ লিখিত সংবিধান। সংবিধানের ১৫ নং অনুচ্ছেদে রাষ্ট্রের অন্যতম মৌলিক চাহিদা হিসেবে নাগরিকদের জন্য অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবনধারনের মৌলিক উপকরণের ব্যবস্থা নিশ্চিতকরণ সম্পর্কে উল্লেখ করা হয়েছে। এছাড়াও জাতির পিতা সংবিধানের ১৬ নং অনুচ্ছেদে নগর ও গ্রামের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, কুটির শিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তর সাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে বলে অঙ্গীকার যুক্ত করেছিলেন।

এরই ধারাবাহিকতায় জাতির পিতার সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা ২০১৮ সালের নির্বাচনী ইশতেহারে ৩.১০ নং অনুচ্ছেদে 'আমার গ্রাম-আমার শহর': প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের প্রতিশ্রুতি প্রদান করেন। প্রতিটি গ্রামকে শহরে উন্নীত করার কর্মসূচি গ্রহণ ও শহরের সুবিধা গ্রামে পৌঁছে দেয়ার লক্ষ্যে বর্তমান সরকার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২০১৪ সালের ২৮শে ডিসেম্বর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরিদর্শনকালে বর্তমানে প্রচলিত পোঁড়া মাটির ইটের বিকল্প হিসেবে পরিবেশবান্ধব বিভিন্ন ধরনের নির্মাণ সামগ্রী উদ্ভাবনের জন্য নির্দেশনা প্রদান করেন। সেই নির্দেশনার আলোকে এইচবিআরআই ইতোমধ্যে স্যান্ড সিমেন্ট সলিড ব্লক, স্যান্ড সিমেন্ট হলো ব্লক, থার্মাল ব্লক, নন ফায়ার্ড সলিডিফিকেশন ব্লক, CSEB, AAC ব্লক ইত্যাদি পরিবেশবান্ধব নির্মাণ সামগ্রী উদ্ভাবন করেছে। এতে করে একদিকে যেমন পরিবেশের সুরক্ষা হচ্ছে অন্যদিকে আমাদের কৃষিজমির উপরিভাগ তথা টপ সয়েল রক্ষা পাচ্ছে। এছাড়াও অত্র প্রতিষ্ঠানে গবেষণার পাশাপাশি উদ্ভাবিত নির্মাণ উপকরণ/প্রযুক্তি বিপণন ও সম্প্রসারন, ব্যক্তি/প্রতিষ্ঠানকে গৃহায়ন ও নির্মাণ বিষয়ক পরামর্শ সেবা প্রদান করে থাকে। নির্মাণ শিল্পের মান ও দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে এইচবিআরআই নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পাশাপাশি বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার লক্ষ্যে বিভিন্ন পরিবেশবান্ধব ও টেকসই আবাসন নির্মাণ কার্যক্রমেও এই প্রতিষ্ঠান অগ্রণী ভূমিকা পালন করে চলেছে।

অত্র প্রতিষ্ঠান থেকে "এক নজরে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট" শিরোনামে একটি প্রকাশনা নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। উক্ত প্রকাশনাটির নভেম্বর, ২০২১ সংখ্যা প্রকাশের উদ্যোগ গ্রহণ করায় আমি প্রকাশনার সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বর্তমান এই প্রকাশনায় প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত বিগত সময়ের উল্লেখযোগ্য বিষয়াদিসহ সাম্প্রতিক কার্যক্রমের সচিত্র বিবরণ সন্নিবেশ করা হয়েছে। তাছাড়া প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য গবেষণা কার্যক্রম সম্পর্কেও সম্যক ধারনা প্রদান করা হয়েছে। আশা করছি এই প্রকাশনাটি পাঠক মহলে প্রতিষ্ঠান কার্যক্রম সম্পর্কিত তথ্য প্রদানে সহায়ক ভূমিকা রাখবে।

**মো: আশরাফুল আলম**
মহাপরিচালক
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়



# সম্পাদকীয়

বাসস্থান মানুষের অন্যতম মৌলিক চাহিদা। একটি আদর্শ বাসস্থান মানুষকে তাঁর কর্মোদ্দীপনা, স্বাচ্ছন্দ্য ও পারিপার্শ্বিক অবস্থার উন্নতিতে সহায়তা করে থাকে। এ লক্ষ্যে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট পরিবেশবান্ধব নির্মাণ উপকরণ ও প্রযুক্তি সম্পর্কিত গবেষণা, প্রচার-প্রসার ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে।

সরকারের অন্যতম অঙ্গীকার 'সকলের জন্য আবাসন' অর্জনে ইনস্টিটিউটের সার্বিক গবেষণা ও প্রচার কার্যক্রম অধিকতর গতিশীল করার অংশ হিসেবে বিগত বছরগুলোর তুলনায় সাম্প্রতিক সময়ে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়। এর মধ্যে গ্রামীণ পরিকল্পিত গৃহায়নের মাধ্যমে কৃষিজমি সংরক্ষণ ও সম্প্রসারণে ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যয়সাশ্রয়ী বহুতল ভবন নির্মাণ কৌশল এবং পরিবেশবান্ধব ইট তৈরি উল্লেখযোগ্য।

২৮ ডিসেম্বর, ২০১৪ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরিদর্শনকালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত অনুশাসনসমূহের অন্যতম ৫টি অনুশাসন হচ্ছে-

- হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের নির্মাণ সামগ্রী সংশ্লিষ্ট উদ্ভাবন ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- গবেষণালব্ধ ফলাফল সঠিক প্রয়োগ ও ব্যবহারের জন্য যথাযথ পরিকল্পনা গ্রহণ করতে হবে।
- আশ্রয়ন প্রকল্পে এবং পল্লী জনপদ প্রকল্পে ফেরোসিমেন্টের ব্যবহার শুরু করতে হবে।
- নদী ড্রেজিংকালে প্রাপ্ত বালি দিয়ে হলো ব্লক তৈরী করা যায় কিনা সে বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করতে হবে এবং
- ড্রেজিং এর মাটি হতে পরিবেশবান্ধব ইট প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করতে হবে।

ইনস্টিটিউটের উদ্দেশ্য ও লক্ষ্য এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনসমূহ বাস্তবায়নসহ বর্তমানে প্রতিষ্ঠানে গবেষণা কাজের যে গতি সঞ্চার হয়েছে এ ধারা অব্যাহত থাকলে বর্তমান সরকার ঘোষিত লক্ষ্য 'সকলের জন্য আবাসন' অর্জনে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে।

প্রতিষ্ঠানের সার্বিক কার্যাবলির উপর সংক্ষিপ্ত প্রতিবেদন "এক নজরে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট" শীর্ষক বর্তমান প্রকাশনাটি বিগত সংখ্যাসমূহের তুলনায় বৃহৎ পরিসরে প্রণয়ন ও মুদ্রণ করা হয়েছে। মহাপরিচালক মহোদয়ের দিক নির্দেশনা ও ব্যাপক আগ্রহ এবং অনুপ্রেরণার প্রেক্ষিতে বর্তমান প্রকাশনাতে নতুন নতুন বিষয়াবলি সংযোজনের মাধ্যমে প্রকাশনাটিকে সমৃদ্ধ করার প্রয়াস রাখা হয়েছে। প্রকাশনাটির বিভিন্ন পর্যায়ের কার্যাবলিতে মহাপরিচালক মহোদয়ের দিকনির্দেশনাসহ সহকর্মীগণের সার্বিক সহযোগিতা আমি কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি। আশা করছি প্রকাশনাটি পাঠক মহলে সমাদৃত হবে।

**মো: আকতার হোসেন সরকার**
প্রিন্সিপাল রিসার্চ অফিসার
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট